



**Teachingninja.in**



**Latest Govt Job updates**



**Private Job updates**



**Free Mock tests available**

**Visit - [teachingninja.in](https://teachingninja.in)**



**Teachingninja.in**

# **DSSSB Grade 4**

**Previous Year Paper  
25-Feb-2021 Shift 3**



BENGALI LETTER WRITING, DRAFTING OF REPORTS, PRÉCIS WRITING,  
COMPOSITION AND TRANSLATION

Time Allowed—3 Hours

Full Marks—200

If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

৩০ থেকে কোনো একটি বিষয় সম্পর্কে আপনার অভিমত কোনো বাংলা দৈনিক পত্রিকার সম্পাদকের কাছে  
২৫০ শব্দের মধ্যে পত্রাকারে বিবৃত করুনঃ  
(কানার পরিবর্তে X, Y, Z লিখুন) 40

যুবসমাজে মোবাইল ফোনের অতিরিক্ত ব্যবহার ও তার কুফল

- (ক) বর্তমানে বাংলায় নারীর অগ্রগতি  
(গ) প্রবীণ নাগরিকদের নিঃসঙ্গতা ও অসহায়তা দূর করার জন্য সামাজিক উদ্যোগের প্রয়োজনীয়তা
2. নিম্নলিখিত বিষয় সম্পর্কে ২০০ শব্দের মধ্যে একটি সম্পাদকীয় প্রতিবেদন লিখুনঃ 40  
'বেচিরোর মধ্যে একাই ভারতীয় সংস্কৃতির প্রাণ'
3. নিম্নলিখিত অংশের সারমর্ম লিখুনঃ 40

প্রথম যুগে একদিন পৃথিবী আপন তপ্ত নিম্নাসের কুয়াশায় অবগুপ্তি ত ছিল, তখন বিরাট আকাশের গ্রহমণ্ডলীর মধ্যে আপন স্থান সে উপলব্ধি করতেই পারেনি। অবশেষে একদিন তার মধ্যে সূর্যকিরণ প্রবেশের পথ পেলে। তখনই সেই মুক্তিতে আরম্ভ হল পৃথিবীর নৌরকের যুগ। তেমনই একদিন আর্দ্র হৃদয়ালুতার ঘন বাষ্পাবরণ আমাদের নেয়েদের চিত্তকে অত্যন্ত কাছের সংসারে আবিষ্ট করে রেখেছিল। আজ তা ভেদ করে সেই আলোকরশ্মি প্রবেশ করছে যা মুক্ত আকাশের, যা সর্বলোকের। বহু দিনের যে-সব সংস্কারজড়িমাঙ্গলে তাদের চিত্ত আবদ্ধ বিজড়িত ছিল যদিও আজ তা সম্পূর্ণ কেটে যায়নি, তবু তার মধ্যে অনেকখানি ছেদ ঘটেছে। কতখানি যে, তা আমাদের মতো প্রাচীন বয়স যাদের তারাই জানে।

আজ পৃথিবীর সর্বত্রই মেয়েরা ঘরের চৌকাঠ পেরিয়ে বিশ্বের উন্মুক্ত প্রাঙ্গণে এসে দাঁড়িয়েছে।

4. অনুচ্ছেদটি পাঠ করে তার ভিত্তিতে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিনঃ 10x4=40

মক্ভূমিতে ভীষণ ঝড় উঠলো, আমাদের হাঁটু পর্যন্ত বরফে ডুবে গেল। সে ঝড় আর থামবার নাম নেই, কুড়িদিন পর্যন্ত সমানভাবে চলে একদিন শেষরাত্রে আকাশ পরিষ্কার হল। পরদিন সকালটিতে অতি পরিষ্কার সূর্যোদয় দেখে আমরা ভাবলাম আর ভাবনা নেই, বিপদ কেটেছে। দুপুরের পর সামান্য একটু হাওয়া উঠলো। দশ মিনিটের মধ্যে আবার এমন ঝড় শুরু হল যে গত কুড়িদিনেও সে রকম উদ্দাম ঝড় ও বরফপাত আমরা দেখিনি। উপরের দিকে চেয়ে দেখি আকাশ তখনও নীল, মেঘের লেশও কোথাও নেই, অথচ আমাদের তাঁবুতে তখন এমন অবস্থা যে পাঁচ হাত দূরের জিনিস দেখা যায় না, ঝড়ে চূর্ণ তুষার উড়িয়ে এনে চারিধার আচ্ছন্ন করে ফেলেছে।

প্রায় মাইলটাক দূরে আমাদের উটগুলো চরছিলো। একজন লোক তখনি তাঁবু থেকে বেরিয়ে গিয়ে অতি কষ্টে সেগুলোকে তাঁবুতে নিয়ে এল, যদিও এধরনের বরফের ঝড়ের সময় ঘর ছেড়ে বাইরে বার হওয়া অত্যন্ত বিপজ্জনক, পথ হারিয়ে গেলে শীতে মৃত্যু নিশ্চিত। আসবার সময় সে লোকটা সোজা হয়ে দাঁড়িয়ে আসতে পারলে না, হাতে পায়ে হামাঙড়ি দিয়ে অতি কষ্টে তাঁবুতে পৌঁছালো, ঝড়ের এমন বেগ যে তার সামনে দাঁড়ানো যায় না। যখন সে তাঁবুতে এল,

Please Turn Over

তখন তার মুখে, বৃকে গলায় বরফ কঠিন হয়ে জমে গিয়েছে। আমরা বরফের মধ্যে একটা গর্ত করে সেখানে উটগুলোকে রেখে দিলাম। দেখতে দেখতে ঝড় তাদের উপর হাত দুই পুরু বরফ চাপা দিলে, তবুও ভয়ানক শীতের হাত থেকে কথঞ্চিৎ পরিত্রাণ পেলে তারা। আমাদের তাঁবুর ডবল ক্যানভাসের ছাদ ফুঁড়ে বরফ এসে সূচের মত আমাদের নাকে মুখে বিধছিল আর সে কি ভয়ানক ঠাণ্ডা! সন্ধ্যার কিছু পরেই ঝড়টা যেমনি এসেছিল, তেমনি হঠাৎই থেমে গেল। নির্মল আকাশে জ্যোৎস্না উঠলো, চারিদিকে কেমন একটা অদ্ভুত নিস্তব্ধতা। সাহস করে সে রাতে আমরা ঘুমোতে পারলাম না। সকালে উঠে দেখি যে তাঁবুতে বরফ জমে এমন অবস্থা হয়েছে যে সেটাকে গুটিয়ে নেবার উপায় নেই, অগত্যা সেই অবস্থাতেই সেটা উঠিয়ে উটের পিঠে চাপিয়ে রওনা হওয়া গেল।

(ক) “আমরা ভাবলাম আর ভাবনা নেই, বিপদ কেটেছে।”—এই বিপদের বর্ণনা দিন।

(খ) লেখকের ভাবনার অবসান কি সত্যিই হল? উত্তরের সপক্ষে যুক্তি দিন।

(গ) উটগুলো বিপদ থেকে কীভাবে রক্ষা পেল?

(ঘ) সন্ধ্যার পরে যা ঘটেছিল তা আপনার নিজের ভাষায় লিখুন।

5. নিম্নলিখিত অনুচ্ছেদটি বঙ্গানুবাদ করুন :

40

Our total environment influences our life and our way of living. The main elements of our environment are men, animals, plants, soil, air and water. There are relationships among these elements. When their relationships are disturbed, life becomes difficult and impossible. By keeping the environment safe man can ensure a healthier and happier life.